দৈনিক সংবাদ

048

তারিখ 20 NOV 1988
পৃষ্ঠা 4 কলাম 5

## মানোন্নয়ন পরীক্ষার সার্টিফিকেট কবে পাব?

আমি ১৯৮২ সালে সরকারী বি, এম কলেজ থেকে এইচ, এস, সি পরীক্ষা দিয়ে তৃতীয় বিভাগে উত্তীর্ণ হই। পরে ১৯৮৩ সালে যথারীতি উক্ত কলেজ থেকেই মান উন্নয়ন পরীক্ষা দিয়ে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হই। মান উন্নয়ন পরীক্ষার সার্টিফিকেট পাওয়ার জন্য আমি নিয়মানুযায়ী নিয়মিত পরীক্ষার মূল সার্টিফিকেট যশোর বোর্ডে প্রেরণ করি। কিন্তু আজ ৮ মাস হল অদ্যাবধি আমার মান উন্নয়ন পরীক্ষার সার্টিফিকেট কলেজে এসে পৌছায়নি। আরো দেখা যায় যে, নিয়মিত পরীক্ষার সার্টিফিকেটে আমার নামে ভুল রয়েছে। কিন্তু প্রবেশপত্র বা অন্য কোন কাগজপত্রে আমি কোন ভুল করিনি। বর্তমানে সার্টিফিকেটে পিতার নামে ভুল, ছাত্রের নামে ভুল একটা নিত্য নৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়িয়েছে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট প্রশ্ন হল যদি ছাত্র কোনরকম ভুল না করে তবে মূল সার্টিফিকেটে কেন এরকম ভুল হবে। আর অভিযোগ আছে এরকমের ভুল সংশোধনের জন্য বোর্ডে গেলে তাদেরকে নজরানা দিতে হয়। অন্যথায় ফাইল চাপা হয়ে পড়ে থাকে।

অবিলম্বে আমার মানোন্নয়ন পরীক্ষার সার্টিফিকেট প্রদান করার ব্যবস্থা করার জন্য আমি উর্ধ্বতন কর্তৃপক্ষের কৃপা দৃষ্টি আকর্ষণ করছি।

মু: রফিকুল ইসলাম (পনির),
সম্মান পরীক্ষার্থী (অর্থনীতি),
সরকারী বিএম কলেজ, বরিশাল।